কুষ্টিয়ায় অস্ত্রসহ ২ যুবক আটক

কুষ্টিয়ার খোকসায় প্রশান্ত শিকদার নামে এক ব্যক্তিকে অস্ত্রের মুখে জিম্মিকরে তাঁর মোটরসাইকেল ছিনতাইকালে দুই যুবককে আটক করে পুলিশে সোপর্দ করেছে জনতা। গতকাল বুধবার রাতে উপজেলার জানিপুর ইউনিয়নের নাগড়পাড়া চরের শিব মন্দিরের কাছে এ ঘটনা ঘটে। এ সময় আটকদের কাছ থেকে একটি দেশীয় পিস্তল, দুই রাউন্ড গুলি ও একটি ধারালো ছুরি উদ্ধার করা হয়েছে।

আটক দুই যুবক হলেন-খোকসার গোপগ্রাম ইউনিয়নের রঘুনাথপুর গ্রামের হাসান (২৮) ও একই ইউনিয়নের বড়ইচারা গ্রামের সজিব মোল্লা (৩০)।

ভুক্তভোগী প্রশান্ত শিকদার জানান, গতকাল রাত সাড়ে ১০টার দিকে শিব মন্দির থেকে ফেরার সময় ৫ / ৬ জন ব্যক্তি তাকে অস্ত্রের মুখে জিম্মি করে তার মোটরসাইকেলটি ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। এ সময় তার চিৎকারে এলাকাবাসী এগিয়ে আসলে ছিনতাইকারীরা পালিয়ে যাওয়ার চেষ্টা করেন।

স্থানীয়রা এ সময় দুজনকে ধরলেও বাকিরা পালিয়ে যান। আটক দুজনের শরীরে তল্লাশি করে কোমরে গোঁজা একটি দেশি তৈরি পিস্তল, দুই রাউন্ড গুলি ও একটি সেভেন গিয়ার চাকু উদ্ধার করা হয়। পরে গণপিটুনি দিয়ে দুজনকে খোকসা থানার পুলিশের কাছে সোপর্দ করে স্থানীয়রা।

খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ আশিকুর রহমান বলেন, ‘মোটরসাইকেল ছিনতাইয়ের সময় অস্ত্রসহ দুজনকে আটক করে স্থানীয়রা পুলিশে সোপর্দ করেছে। আটকদের জিজ্ঞাসাবাদে পালিয়ে যাওয়া ব্যক্তিদের পরিচয় জানা গেছে।’

ওসি আরও বলেন, ‘আটক আসামিদের বিরুদ্ধে থানায় মামলা হয়েছে এবং তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।’ আটক দুজনের মধ্যে হাসানের বিরুদ্ধে বিস্ফোরক আইনে মামলা রয়েছে বলে জানান তিনি।

মিরপুরে দরিদ্র-মেধাবী শিক্ষার্থীদের পড়াশুনার দায়িত্ব নিল ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদ

অর্থের অভাবে সামিয়া-সাদিয়ার (দুই জমজবোন) নিজেরা প্রাইভেট পড়তে না পারলেও তারা তাদের লেখাপড়ার খরচ জুগিয়েছেন নিজেরা টিউশনি করে।

নানা প্রতিকুলতার মধ্যে বেড়ে ওঠা এই দুইবোন গেলো বছর এসএসসি পরীক্ষার ফলাফলে বিজ্ঞান বিভাগ থেকে গোল্ডেন এ প্লাস পেয়েছে।

সামিয়া খাতুন ও সাদিয়া খাতুন নামের জমজ দুইবোনের বাবা আশরাফুল ইসলাম কুষ্টিয়ার মিরপুর উপজেলার ধুবইল গ্রামের হাজীপাড়ার এলাকার বাসিন্দা। সংসারের একমাত্র উপার্জনক্ষম বাবা দীর্ঘদিন ধরে মানসিক রোগী। বাবার স্থানে যেন তার মা আসমা খাতুন শত কষ্ট করেও তাদের সন্তানদের লেখাপড়া চালিয়ে আসছিলো। এবং লেখাপড়া থেকে একচুল পিছু হটতে দেননি তিনি। কিন্তু টাকার অভাবে অনিশ্চিত হয়ে পড়েছিলো তাদের শিক্ষাজীবন। কষ্টের কথা বলতে গিয়ে টলমল করে উঠছিল তাদের চোখ। সামিয়া খাতুন ও সাদিয়ার মতো স্কুল,কলেজ-বিশ্ববিদ্যালয়ের আর আট জন শিক্ষার্থীর পড়ালেখা জীভন শেষ করতে শিক্ষা সহায়তা প্রদান করা হয়েছে।

কারও বাবা ভ্যানচালক, কারো বাবা রাজমিস্ত্রী বা দিনমজুর। আবার কারও বাবা মারা গেছে। সংসারে নিত্য অভাব লেগেই আছে। যেখানে তিনবেলা খাবার জোটেনা, সেখানে পড়াশুনার চিন্তা করাটাও ছিল দূরহ ব্যাপার। তারপরও থেমে থাকেনি তারা। বিভিন্ন প্রতিকূলতার মধ্যেও পড়াশুনা চালিয়ে যাচ্ছে। এমন আট শিক্ষার্থীর পড়াশুনার দায়িত্ব নিয়েছে “ইয়াসিন -মাহমুদা স্মৃতি পরিষদ”।

বুধবার সকালে মিরপুর মহিলা কলেজ অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে এসব শিক্ষার্থীদের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দেন অতিথিবৃন্দ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) হারুন অর রশীদ।
তিনি বলেন, এসব মেধাবি ছাত্র-ছাত্রীর হয়তো পরিবারে অস্বচ্ছলতা

আছে কিন্তু তারা যে মেধাবী তাতে কোন সন্দেহ নেই।’ আজকের এই মহতি অনুষ্ঠানের আয়োজনের মধ্য দিয়ে ‘ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদ’ দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের খুঁজেখুঁজে বের করে তাদের পড়াশোনার দায়িত্ব নিচ্ছেন এভাবেই যদিও আরও কেউ এগিয়ে আসে তাহলে হয়েতোবা আর দরিদ্রদের খুঁজে পাওয়া যাবে না।

তিনি আরও বলেন, আজকের তারুণ্যই আগামী দিনের ভবিষ্যৎ। দরিদ্রতাকে জয় করে এসব তরুণদের হাতেই গড়ে উঠুক আগামীর সুখী-সমৃদ্ধশালী বাংলাদেশ।

ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদ প্রতিষ্ঠাতা সভাপতি কুষ্টিয়া মেডিকেল কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ ডা: ইফতেখার মাহমুদের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মওদুদ আহমেদ রাজিবের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিরপুর মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মর্তুজা হোসেন, অবসরপ্রাপ্ত অধ্যক্ষ আনোয়ারুল মজিদ, মিরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী মো: রোকনুজ্জামান প্রমুখ।
ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদ প্রতিষ্ঠাতা সভাপতি কুষ্টিয়া মেডিকেল কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ ডা: ইফতেখার মাহমুদ বলেন, একজন শিক্ষার্থীর মধ্যে যদি আত্মবিশ্বাস শক্তি, ভবিষ্যৎ স্বপ্ন থাকে তাহলে তার জীবনের গতি-চেতনা তাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে। একজন শিক্ষার্থীর যদি আত্মবিশ্বাস না থাকে, স্বপ্ন না থাকে তাহলে একসময় জীবনের গতি-চেতনা থেমে যাবে। আমরা অর্থ সহায়তা দিয়ে শিক্ষার্থীদের মাঝে আত্মবিশ্বাস এবং মনোবল ফিরিয়ে আনার চেষ্টা করছি। ‘টাকার অভাবে কোন মেধাবি শিক্ষার্থীর যেন লেখাপড়া বন্ধ না হয় সেটার জন্য কাজ করবে ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদ।

কুষ্টিয়া জেলার প্রথিতযশা চিকিৎসক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি ও কুষ্টিয়া মেডিকেল কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ ডা: ইফতেখার মাহমুদ এসব মেধাবী দরিদ্র শিক্ষার্থীদের পড়াশোনায় সাহায্য করে থাকে। এখন পর্যন্ত এই সংস্থাটি অন্তত শতাধিক শিক্ষার্থীকে পড়াশোনার জন্য সহায়তা দিয়েছে বলে জানান সংশ্লিষ্টরা। মঙ্গলবার নতুন করে আরও ৮ জন শিক্ষার্থীর পড়াশুনার খরচ দেওয়া হয়। মাধ্যমিকের শিক্ষার্থীদের জন্য প্রদিমাসে এক হাজারা টাকা, উচ্চ মাধ্যমিকের জন্য প্রতিমাসে দেড় হাজার টাকা এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রতিমাসের দুই হাজার টাকা প্রদান করা হবে। আাজকের এই অনুষ্ঠানে দুই মাসের জন্য শিক্ষা

সহায়তা প্রদান করা হয়েছে।

মিরপুরে দিশার সহযোগীতায় ৫জন সদস্যদের মাঝে উপকরণ বিতরণ

মিরপুরে দিশার সহযোগীতায় ছাগল পালন প্রদর্শনীর ৫জন সদস্যদের মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে সকালে মিরপুর উপজেলার মশানে এসব সদস্যদের মাঝে এসব বিতরণ করা হয়।

তামাক নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি শীর্ষক কার্যক্রমের আওতায় সমন্বিত কৃষি কৃষি ইউনিট ভুক্ত প্রাণী সম্পদ খাতের আওতায় তামাক চাষ নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি শীর্ষক কার্যক্রম মাচা পদ্ধতিতে ছাগল পালন প্রদর্শনীর ৫জন সদস্যদের মাঝে ঘাসের কাটি, কৃমিনাশক ট্যাবলেট, ভিটামিন ও মিনারেল রেজিষ্টার বিনামুল্যে বিতরণ করা হয়। পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় এবং স্থানীয় দিশা স্বেচ্ছাসেবী আর্থ সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থার বাস্তবায়নে এসব বিতরনে উপস্থিত ছিলেন দিশার কারিগরি কর্মকর্তা কৃষিবিদ জিল্লুর রহমান, সহকারী কৃষি কর্মকর্তা এনামুল হক, প্রাণী সম্পদ কর্মকর্তা মিলন আলীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।
দিশার কারিগরি কর্মকর্তা কৃষিবিদ জিল্লুর রহমান বলেন, এই মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের এগারোটি গ্রামে তামাক চাষ কমিয়ে আনতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এরই ফলশ্রুতিতে প্রাণী সম্পদ খাতের আওতায় তামাক চাষ নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি শীর্ষক কার্যক্রম মাচা পদ্ধতিতে ছাগল পালন প্রদর্শনীর ৫জন সদস্যদের মাঝে ঘাসের কাটি, কৃমিনাশক ট্যাবলেট, ভিটামিন ও মিনারেল রেজিষ্টার বিনামুল্যে বিতরণ করা হয়। তিনি বলেন, সরকারের কৃষি বিভাগের পাশাপাশি পিকেএসএফের সহযোগিতায় ও দিশার বাস্তবায়নে আমরা প্রান্তিক পর্যায়ের কৃষকের সাথে যোগাযোগ রেখে এই কৃষিখাতকে আরো সামনের দিকে এগিয়ে নিতে কাজ করছি।

মিরপুর উপজেলায় তামাক চাষ নিরোধে তামাক নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি শীর্ষক কার্যক্রম চালু করেছে দিশা স্বেচ্ছাসেবী আর্থ সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থা।

কুষ্টিয়া বলিদাপাড়া বালিকা বিদ্যালয়ে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন বলেছেন, ‘সুন্দর ও সুস্থ জীবন গঠনে এবং প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টিতে খেলাধুলার গুরুত্ব অপরিসীম। জয়-পরাজয় প্রতিযোগিতার পথ ধরেই সৃষ্টি হয় এবং প্রতিযোগিতার ফলে খেলার মান উন্নত হয়।’

তিনি গতকাল বিকেলে মিরপুর উপজেলার বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

তিনি বলেন, খেলাধুলা হচ্ছে লেখাপড়ার অবিচ্ছেদ্য অংশ। খেলাধুলা শরীর গঠনে ও মেধা বিকাশে সহায়তা করে। সুস্থ দেহ, সুস্থ মন গড়ে তোলে। বিশ্ব সম্প্রীতি বৃদ্ধি করে। কাজেই খেলাধুলা ছাড়া লেখাপড়া অসম্পূর্ণ থেকে যায়। এছাড়াও আন্তর্জাতিক অঙ্গনে দেশের পরিচিতি ও সম্মান বাড়ানোর ক্ষেত্রে খেলাধুলার ভূমিকা অনস্বীকার্য।

তিনি বলেন, বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয় আয়োজিত আজকের এ বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক প্রতিযোগীতার মধ্য দিয়ে আমাদের নতুন প্রজন্ম, আমাদের ছাত্র ছাত্রীরা বঙ্গবন্ধুকে নতুন ভাবে জানার সুযোগ লাভ করবে। তারা জাতির পিতার আদর্শে উদ্বুদ্ধ হয়ে সুনাগরিক হবার দীপ্ত শপথে বলীয়ান হবে।

বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও

বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক মমিনের সভাপতিত্বে এসময় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মিরপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জয়নাল আবেদীন, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম মন্টু, উপজেলা আওয়ামীলীগের নাট্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক তকরিম উদ্দিন খান, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক শাহানুর মালিথা, বলিদাপাড়া বালিকা বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফিরোজ আলম স্বপন, সহকারী প্রধান শিক্ষক সুলতান মাহমুদ, ইরিনা খাতুন, বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য মোহাম্মদ মিঠু মন্ডল, জালাল উদ্দিন মন্ডল, মোহন আলী খান, মঞ্জু মৌলভী, ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সুমন মালিথা, সাধারন সম্পাদতকব এজে অপিসহ অভিভাবক সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন।

দিনব্যাপী বিদ্যালয়ের শিক্ষার্থীদের সমন্বয়ে দৌড় প্রতিযোগিতা, দীর্ঘ লম্ফ, মার্বেল চামুচ মুখে দৌড়, দড়ি লাফ, পাতিল ভাঙ্গা, বর্ষা-চাকতি-গোলক নিক্ষেপ, আবৃত্তি, নৃত্য ও চমকপ্রদ ইভেন্ট যেমন খুশি তেমন সাজসহ বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক এনামূল হক বাবু।
ক্রীড়া প্রতিযোগীতা পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক সুলতান মাহমুদ।

কুষ্টিয়ায় কাজী আরেফসহ জাসদের ৫ নেতা হত্যা দিবসে স্মরণ সভা

কাজী আরেফ আহমেদ সহ পাঁচ জাসদ নেতার ২৪তম হত্যা দিবস উপলক্ষে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে গতকাল শনিবার সকাল ১১ টায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভাপতিত্ব করেন কুষ্টিয়া সমিল্লিত সামাজিক আন্দোলনের সভাপতি বীর

মুক্তিযুদ্ধা নজরুল ইসলাম। প্রধান অতিথি হিসে সম্মিলিত সামাজিক আন্দোলনের কেন্দ্রীয় নির্বাহী সভাপতি অধ্যাপক রোবায়েত ফেরদৌস। বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট গবেষক ও লেখক এ্যাডঃ লালিম হক ও সালেহ আহমেদ।

বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা জাসদের সভাপতি আলহাজ্ব গোলাম মহসিন, জাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য জাহিদ আলম,কেন্দ্রীয় কমিটির সদস্য মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক জননেতা আহাম্মদ আলী, অধ্যাপক জাহাঙ্গীর আলম সবুজ, হাসিবুর রশিদ তামিম, কমরেড হাফিজ সরকার, অধ্যাপক গোপা সরকার, খলিলুর রহমান মজু,শহীদ লোকমান হোসেনের সন্তান এ্যাডঃ আল মুজাহিদ মিঠু, সাংস্কৃতিক ব্যাক্তি কনক চৌধুরী, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের সহকারী অধ্যাপক অজয় মৈত্র,শহীদ এ্যাডঃ ইয়াকুব আলী’র সন্তান জনাব ইউসুফ আলী রুসো,এ্যাডঃ সোহেলী পারভীন ঝুমুর সাধারণ সম্পাদক অরিন সাংস্কৃতিক সংসদ কুষ্টিয়া, শাফি আব্দুল্লাহ রিডিং সার্কেল কুষ্টিয়া,সাংবাদিক হাসান আলী, মিরপুর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান শেখ মোহাম্মদ বাহাদুর, কুষ্টিয়া সদর উপজেলা জাসদের সভাপতি বীর মুক্তিযুদ্ধা আমিরুল ইসলাম মুকলু, কুষ্টিয়া আদর্শ কলেজের সহকারী অধ্যাপক কবি ও লেখক দিলশাদ বেগমসহ বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক, ছাত্রলীগ, যুবজোট, নারীজোট ও জাসদের সর্বস্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। সভা পরিচালনা করেন কুষ্টিয়া জেলা জাসদের নেতা কারশেদ আলম।

নেতৃবৃন্দ জাতীয় নেতা কাজী আরেফ আহমেদ সহ পাঁচ জাসদ নেতা হত্যার সাজাপ্রাপ্ত পলাতক আসামীদের গ্রেপ্তার করে রায় কার্যকর করার দাবি জানান,একই সাথে সামপ্রদায়িক স্বাধীনতা বিরোধী অপশক্তি,দুর্নীতি দখলবাজদের মোকাবিলা করে – মুক্তিযুদ্ধের চেতনায় সমাজ বিনির্মানে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। সম্মিলিত সামাজিক আন্দোলন সারাদেশে কাজী আরেফ আহমেদের স্বপ্ন বুকে ধারন করেই সামাজিক সন্ত্রাসী রাজাকারদের বিরুদ্ধে আন্দোলন সংগ্রাম গড়ে তুলবে।

ইবিতে ট্যুরিজম ও হসপিটালিটি ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের নবীনবরণ

কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের কোষাধ্যক্ষ ও বাংলাদেশ ডিস্ট্রিবিউশন এসোসিয়েশনের সভাপতি ও সুরেকা এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী অজয় সুরেকা বলেছেন, ট্যুরিজম সেক্টরে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে আমাদের নেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে আরও শক্তিশালী করতে হবে। এবং নিজেদেরকে দক্ষ করে স্বাবলম্বী হতে হবে।

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় আয়োজিত ট্যুরিজম ও হসপিটালিটি ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের পঞ্চম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

বাংলাদেশের ট্যুরিজম সেক্টরে অপার সম্ভাবনার এবং নিজেদেরকে দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করার বিষয়েও বিস্তারিত তুলে ধরেন তিনি।

ট্যুরিজম ও হসপিটালিটি ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের চেয়ারম্যান মোহাম্মদ রফিকুল ইসলোর সভাপতিত্বে ইসলামী বিশ্ববিদ্যালয় ভিসি প্রফেসর ডক্টর শেখ আব্দুস সালাম, প্রো-ভিসি প্রফেসর ড. মোহাম্মদ মাহবুবুর রহমান, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ আলমগীর হোসেইন ভূঁইয়া, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের দ্বীন প্রফেসর মোঃ সাইফুল ইসলাম, ট্যুরিজম ও হসপিটালিটি ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ডক্টর মোঃ মাহবুবুল আরফিনসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় জহুরুল হক চৌধুরী

(রঞ্জু চৌধুরী) রচিত ‘ছবির বই’ এর মোড়ক উন্মোচন

কুষ্টিয়ায় জহুরুল হক চৌধুরী (রঞ্জু চৌধুরী) রচিত ‘ছবির বই’ এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার রাতে শহরের একটি রেস্টুরেন্টে এই বই এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নজরুল একাডেমি কুষ্টিয়া জেলা শাখার সভাপতি ও দৈনিক বাংলাদেশ বার্তা পত্রিকার সম্পাদক আবদুর রশীদ চৌধুরী।

এসময় তিনি বলেন, জহুরুল হক চৌধুরী (রঞ্জু চৌধুরী) রচিত ‘আমি ভুষো পাবলিক বলছি’ গ্রন্থটির লেখা দৈনিক বাংলাদেশ বার্তা পত্রিকায় প্রকাশ হয়েছে এবং বেশ সমাদৃত হয়েছে। ক্রিড়া সংগঠক, সাহিত্যিক, লেখকসহ বহু প্রতীভার অধিকারী ছিলেন তিনি। মুক্তিযুদ্ধ বিষয়ক ছবির বই প্রকাশিত হলেও ব্যতিক্রমি এই ছবি সম্বলিত এমন বই নেই বললেই চলে।

তিনি বলেন, ভ্রমণ সাহিত্য সহ সৃজনশীল কাজের সাথে যারা জড়িত তারা সকলেই ভুষো পাবলিক। কারন, নিজের ইচ্ছে ও মনের বাসনা পুরণ করতে তারা নিজেরা নিজেদের মেধা ও শ্রমের বিনিময়ে নিজেকে বিসর্জন দিয়ে থাকে। মানুষের সমস্যা সমাজের প্রকৃত সত্যটাকে তুলে ধরতে সহায়ক হয়েছে। এবারের এই ছবির বইটিও মানুষকে আলোকিত করবে বলেও জানান তিনি।

ভুষো পাবলিক বইটি ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে উল্লেখ করে তিনি বলেন, সমাজের বৈষম্য এবং সাধারণ মানুষের ভাষায় অসহায় সুবিধা বঞ্চিত মানুষের কথা তুলে ধরা এই ভুষো পাবলিক বলছি গ্রন্থটি বর্তমানে অস্থির সমাজে গুরুত্ব পেয়েছে।

আমাদের কুষ্টিয়া-৩ সদর আসনের সাংসদ মাহবুব উল আলম হানিফ এমপি তাকে অনেকের মাঝে ভূষো পাবলিক বলেও ডাকেন।

জিয়া হাসান চৌধুরী রিপন এর সভাপতিত্বে এবং ইবির অর্থনীতি বিভাগের অধ্যাপক প্রফেসর মুঈদ রহমানের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্যে ইসলামি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. সরওয়ার মুর্শেদ রতন বলেন, সমাজের ত্রুটি বিচ্যুতিসহ নানান বিষয়

তুলে ধরে রম্য লেখক হিসেবে আমাদের এই লেখক বেশ জনপ্রিয়তা পেয়েছে।

তিনি বলেন, আমাদের সমাজে রশিক মানুষ খুব কম। সৈয়দ মুজতবা আলীর মতো লেখকের সংখ্যা কম হলেও আমাদের এই কুষ্টিয়ার কৃতি লেখক জহুরুল হক চৌধুরী (রঞ্জু চৌধুরী) তার লেখনীর মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে।

তিনি আরও বলেন, সভ্যতার সঙ্গে বই ইতিহাস কে যুক্ত করে। বই প্রাচীন কিংবা নবীনদের সাথে প্রবীণদের পরিচিত করে তোলে। সেই প্রজ্ঞা-জ্ঞান কে কাজে লাগায় এই বই। তবে ছবি দিয়ে বই তেমন দেখা যায় না। এই আইডিয়া যেমন অভিনব তেমনি সত্যি প্রশংসনীয়ও বটে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন লেখক ও কলামিস্ট হাসান টুটুল, সব্যসাচী লেখক ও কবি তাজ উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, সহসভাপতি আশরাফ উদ্দিন নজু, আবৃত্তি পরিষদের সভাপতি কবি আলম আরা জুই, লেখক ও কলামিস্ট অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা মো: শহীদুল্লাহ্, সাংবাদিক নেতা মুজিবুল শেখ, ডা: গোলাম মওলা, গড়াই নন্দিনী সাহিত্য পাঠচক্র কুষ্টিয়ার সাধারণ সম্পাদক শাহিদা পারভীন রেখা, কুষ্টিয়া সদর উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী নিশান, এসএস রুশদী, সাংবাদিক রাশিদা রিতাসহ লেখক,কবি, সাহিত্যিক, সামাজিক ও সাংস্কৃতিক বিভিন্ন সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্য রাখেন জহুরুল হক চৌধুরী (রঞ্জু চৌধুরী) তার বক্তব্যে বলেন, যারা সমাজ এবং রাষ্ট্র যারা পরিচালনা করেন তারা একটা স্তরে বাস করেন। অথচ যারা সাধারণ মানুষ হিসেবে ভুষো পাবলিক হয়ে সমাজে বসবাস করে তাদের জন্যই কেবল ভূষো পাবলিক বইটি পড়লে মানুষ তার অনুকরণীয় দৃষ্টান্ত খুঁজে পেয়েছে।

কুষ্টিয়ায় সনাক ও ইয়েস গ্রুপের সমন্বয় সভা অনুষ্ঠিত

জাগ্রত বিবেক, দূর্জয় তারুণ্য-দূর্নীতি রুখবেই স্লোগানে কুষ্টিয়ায় সনাক ও ইয়েস গ্রুপের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুরে জগতি চিনিকল এমডির বাংলোয় এ সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন, সচেতন নাগরিক কমিটি (সনাক) কুষ্টিয়ার সভাপতি আলহাজ্ব রফিকুল আলম টুকু, সহসভাপতি আসমা আনসারী মিরু, মিজানুর রহমান লাকী, ইয়েস গ্রুপের আহবায়ক এবং সনাক সদস্য তারিকুল হক তারিক, টিআইবির এরিয়া ম্যানেজার মো: রায়হানুল ইসলাম।

সচেতন নাগরিক কমিটি (সনাক) কুষ্টিয়ার সভাপতি আলহাজ্ব রফিকুল আলম টুকু বলেন, কুষ্টিয়ায় সনাক গঠনের পর থেকে আমরা কুষ্টিয়ায় দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন পরিচালনা করে যাচ্ছি। এই আন্দোলনে সনাকের পাশাপাশি ইয়েস ও এসিজি সদস্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এই সমন্বয় সভা সদস্যদের দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনে সক্রিয় করতে ভূমিকা পালন করবে বলেও মত দেন তিনি। পাশাপাশি তিনি আরও বলেন, সনাকের লক্ষ্য হলো দুর্নীতির বিরুদ্ধে জনগণকে সচেতন করা এবং দুর্নীতি-অনিয়মের বিরুদ্ধে তথ্য সংগ্রহ তা সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্বুদ্ধ করা। তিনি সনাক পরিবারের সাথে এসিজি সদস্যদের সম্পৃক্ত হওয়ার জন্য তাদের ধন্যবাদ জানান।

সচেতন নাগরিক কমিটি (সনাক) কুষ্টিয়ার আয়োজিত এ সভায় সনাক ও ইয়েস গ্রুপের সদস্যরা উপস্থিত ছিলেন।

পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে মধ্যহ্নভোজের মধ্য দিয়ে শেষ হয়ে এ অনুষ্ঠান।

কুষ্টিয়ায় বিসিক’র উদ্যোগে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

কুষ্টিয়ায় বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)’র উদ্যোগে ৫ দিনব্যাপী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকালে বিসিক কুষ্টিয়া কার্যালয়ে এই প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়।

কুষ্টিয়া বিসিক’র উপ-মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত) আশানুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন।

বিসিক কুষ্টিয়ার সম্প্রসারণ কর্মকর্তা শাপলা সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উদ্যোক্তা এসএম জামাল, মামুন অর রশীদ (মধু মামুন), নেক্সটওয়ে ডটকমের সিইও এবং চেয়ারম্যান আলিমুল ইসলাম।

বক্তারা বলেন, প্রত্যেক মানুষের কিছু গুণ থাকে। সফল উদ্যোক্তার প্রধান গুণ হচ্ছে আত্মবিশ্বাস। যার আত্মবিশ্বাস যত বেশি তার সাফল্য তত বেশি। যদিও এটি অর্জন করা কঠিন। ব্যবসা শুরু করতে গেলে প্রথমেই মনে রাখবেন আপনাকে ব্যবসায় ঝুঁকি গ্রহণের মন-মানসিকতা থাকতে হবে।

বক্তারা আরও বলেন, সফল ব্যবসায়ী এবং উদ্যোক্তারা কখনও কাজ সম্পূর্ণ করতে অলসতা করেন না। তাদের হাতে যখন কোনো কাজ থাকে, তখন তারা দিন-রাত তাদের সম্পূর্ণ শ্রম এবং মেধা দিয়ে কাজটি পরিপূর্ণ করে থাকেন। ব্যবসা শুরুর আগে মনে রাখতে হবে, ব্যবসা করতে গেলে ঝুঁকি থাকবে। আর এ ঝুঁকি থাকার মন-মানসিকতা থাকতে হবে। এজন্য শিল্প উদ্যোক্তা হতে হলে প্রশিক্ষণের বিকল্প নেই বলেও উল্লেখ করেন বক্তারা।
প্রসঙ্গত, ৫ দিনব্যাপী এই প্রশিক্ষণ কোর্স ১২ ফেব্রুয়ারী থেকে ১৬ ফেব্রুয়ারী তারিখ পর্যন্ত চলবে।

কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে মঞ্চস্থ হলো কোলকাতার বিখ্যাত নাটক “লংমার্চ”

কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে ভারতের সাড়া জাগানো নাটক “লংমার্চ” মঞ্চায়িত হয়েছে।

শনিবার সন্ধ্যা ৭টায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ নাটক মঞ্চস্থ করা হয়। নাটকটি পরিবেশন করেন কোলকাতার বিখ্যাত নাট্যদল অল্টারনেটিভ লিভিং থিয়েটার। নাটকের দর্শনী কোন মূল্য রাখা না হওয়ায় বিপুল পরিমাণ দর্শক এ নাটকটি উপভোগ করে।

নাটক শেষে সংক্ষিপ্ত আলোচনায় অংশ নেন কোলকাতার বিখ্যাত নাট্যদল অল্টারনেটিভ লিভিং থিয়েটার এর প্রধান ভারতের রাষ্ট্রপতি পুরুস্কার প্রাপ্ত নাট্যজন প্রবীর গুহ, নাগরিক কমিটি কুষ্টিয়ার সভাপতি ডা: এসএম মোস্তানজীদ, জেলা আওয়ামীলীগ নেতা হাবিবুল হক পুলক, খন্দকার ইকবাল মাহমুদ, কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, সহ-সভাপতি আশরাফ উদ্দিন নজু, যুগ্ম সাধারণ সম্পাদক শাহীন সরকার, শহীদুল ইসলাম রবি, কালচারাল অফিসার সুজন রহমান প্রমুখ।

নাগরিক কমিটি কুষ্টিয়ার সভাপতি ডা: এসএম মোস্তানজীদ বলেন, আজকে আমার অপারেশন থিয়েটারে থাকার কথা ছিলো। এজন্য এনেস্থিসিয়া, সহকারী সহ সবকিছু প্রস্তুত ছিলো। কিন্তু কোলকাতা থেকে গুনী এসব নাট্যজনদের সম্মিলিত এই লংমার্চ নাটকটি দেখতেই আজকে এই থিয়েটারে চলে আসা। ছোটবেলা থেকেই আমার নাটক এবং সাংস্কৃতিক অনুষ্ঠান ভালো লাগে। সেই ভালো লাগা এখনো আছে বলেই কুষ্টিয়ার নাট্যঙ্গান থেকে পিছুটান নেই।

কোলকাতার বিখ্যাত নাট্যদল অল্টারনেটিভ লিভিং থিয়েটার এর কর্ণধার প্রবীর গুহ বলেন, বর্তমান যুব সমাজের প্রতি তিনি বার্তা দিয়ে

বলেন, ‘‘সৎ হও৷ নিজের জীবনযাপন সহজ সরল কর৷ নিজেকে চেনো৷ তিনি বলেন, আমি কোনও প্রোডাক্টের কথা বলি না, একটা পদ্ধতির কথা বলি৷ তিন-চারদিন ধরে ওয়ার্কশপে আমি ছেলেমেয়েদের জীবনটাকে একটা পদ্ধতির মধ্যে দিয়ে নিয়ে যেতে বলব৷’’ তিমি মনে করেন, ‘‘কেউ যদি প্রতিষ্ঠিত হওয়ার জন্য কাজ করে, তাহলে সম্ভবত হয় না৷ কাজটা করার জন্য করে যাওয়া উচিত, প্রতিষ্ঠা আসার হলে এমনিই আসবে৷’’

কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম জানান, “লংমার্চ” নাটকটি কোলকাতা সহ সমস্ত ভারতে বর্তমান সময়ে জনপ্রিয়তার শীর্ষে। নাটকটি কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে মঞ্চায়ন হলো কেবল কুষ্টিয়ার নাটকপ্রিয় ও সাংস্কৃতিক প্রেমি মানুষের জন্য। দর্শকদের অনুপ্রেরণা পেলে আগামীতে আর ভালো ভাগ অনুষ্ঠানের আয়োজন করা হবে।

শিল্প কলা একাডেমি মিলনায়তনে নাটক দেখতে আসা দর্শক ডা: মাহিন্দ্র সিং জানান, কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে সুন্দর ও মনোরম পরিবেশে দর্শনের বিনিময়ে নাটকটি দেখতে পেয়ে খুবই ভালো লাগলো। এমন অনুষ্ঠান কখনো আমি মিস করি না।